উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প
স্থানীয় সরকার বিভাগ
জনস্বাস্থ্য প্রকৌশল ভবন
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা- ১০০০।

**উন্নয়নের গণতন্ত্র**
**শেখ হাসিনার মূলমন্ত্র**

স্মারক নং- ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫.২০১৯- ২৭৭৪ তারিখ-০৯/০৩/২০২০ খ্রিঃ

**বিষয়ঃ** **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ঠাকুরগাঁও জেলার হরিপুর উপজেলাধীন অবকাঠামো উন্নয়ন সংশোধিত উপ-প্রকল্প (৩য় পর্যায়) বাস্তবায়নের সম্মতি প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ ১। ইউজিডিপি এর স্মারক নং-৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫.২০১৯-৭৯৩, তারিখঃ ৩০/০১/২০১৯
২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নং-০৫.৫৫.৯৪৫১.০০০.০৩.০২০.২০১৯-৮৫(৩), তারিখ ঃ ০৪/০২/২০২০

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়নের জন্য আপনার উপজেলা হতে প্রেরিত অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প সংশোধনী প্রস্তাব স্মারক নং-০৫.৫৫.৯৪৫১.০০০.০৩.০২০.২০১৯-৮৫(৩), তারিখ ঃ ০৪/০২/২০২০ এ পাঠানো প্রস্তাবের প্রেক্ষিতে পূর্বে অনুমোদিত ইউজিডিপি এর স্মারক নং-৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫.২০১৯-৭৯৩, তারিখঃ ৩০/০১/২০১৯ এর দুই (০২) টি উপ-প্রকল্পের (INF-2018-19-559451-01, INF-2018-19-559451-02)অনুমোদন বাতিল করা হল এবং নিম্নোক্ত অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পসমূহের বিষয়ে সম্মতি প্রদান করা হল। বর্ণিত উপ-প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য নিম্নোক্ত পরিমাণ অর্থ ব্যয় করা যাবে। প্রকল্প বাস্তবায়ন শেষে বিল ও ভাউচারের কপি প্রাপ্তির পর নির্ধারিত নিয়ম অনুসরণে বরাদ্দকৃত অর্থ প্রকল্পের একাউন্ট হতে উপজেলা পরিষদের প্রকল্পের নামীয় একাউন্টে স্থানান্তর করা হবে।

| উপ-প্রকল্প নম্বর | উপ-প্রকল্পের শিরোনাম | প্রস্তাবিত বাজেট (ভ্যাট ও কর ব্যতীত) (টাকা) | ভ্যাট | আয়কর | প্রস্তাবিত বাজেট (ভ্যাট ও কর সহ) (টাকা) |
|---|---|---|---|---|---|
| INF-2018-19-559451-01 | হরিপুর উপজেলার মাধ্যমিক স্তরের / উচ্চ মাধ্যমিক স্তরের বিদ্যালয়ে হাই-লো বেঞ্চ সরবরাহকরণ। | ৩৯,৯৯,৯৯৯.০০ | ৫,৯১,৭১৬.০০ | ১,৪২,০১২.০০ | ৪৭,৩৩,৭২৭.০০ |
| | মোট | ৩৯,৯৯,৯৯৯.০০ | ৫,৯১,৭১৬.০০ | ১,৪২,০১২.০০ | ৪৭,৩৩,৭২৭.০০ |

কথায়ঃ সাতচল্লিশ লক্ষ তেত্রিশ হাজার সাতশত সাতাশ টাকা মাত্র।

বরাদ্দকৃত অর্থ নিম্নে বর্ণিত শর্তাবলী যথাযথ অনুসরণ করে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হল।

**প্রকল্প বাস্তবায়নের সময় অনুসরণীয় শর্তাবলীঃ**

- বরাদ্দকৃত অর্থ উপরোল্লিখিত উপ-প্রকল্প বাস্তবায়ন করার জন্য ব্যয় করতে হবে।
- পিপিআর-২০০৮ এবং সর্বশেষ প্রকাশিত সার্কুলার যথাযথভাবে অনুসরণ করে উপ-প্রকল্পসমূহ বাস্তবায়ন করতে হবে।
- উপজেলা পরিষদের ক্রয় পরিকল্পনায় উপ-প্রকল্পগুলো অন্তর্ভুক্ত থাকতে হবে।
- ভ্যাট এবং ট্যাক্স ব্যতীত ৩৯,৯৯,৯৯৯.০০ (উনচল্লিশ লক্ষ নিরানব্বই হাজার নয়শত নিরানব্বই) টাকার বেশি ব্যয় করা যাবে না। **কিন্তু দরপত্র ডকুমেন্ট, কার্যাদেশ, চুক্তিনামা এবং বিল-ভাউচারে অবশ্যই ভ্যাট ও আয়করসহ মোট ব্যয় উল্লেখ থাকবে।**
- **উন্মুক্ত দরপত্র পদ্ধতি অনুসরণ করে ক্রয় প্রক্রিয়া সম্পাদন করতে হবে।**
- দরপত্র আহ্বানের ক্ষেত্রে অবশ্যই পিপিআর-২০০৮ এ উল্লিখিত পদ্ধতি অনুসরণে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করতে হবে। **যে সব উপজেলার ইজিপি চালু হয়েছে সে সব উপজেলায় ইজিপি-তে টেন্ডার আহ্বান করতে হবে।**
-
- দরপত্র আহ্বান ও অন্যান্য খরচ নির্বাহের জন্য এডিপি গাইড লাইন অনুসরণে পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- নোটিফিকেশন অব এওয়ার্ড/কার্যাদেশ/চুক্তিনামায় মোট টাকা, ভ্যাট, আয়কর এবং নীট প্রদেয় টাকার পরিমাণ সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।
- প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারিত ফরমেট এ চুক্তিনামা সম্পন্ন করতে হবে।
- উপ-প্রকল্প বাস্তবায়নকালীন সার্বক্ষণিক মনিটরিং ও সুপারভিশন অব্যাহত রাখতে হবে, যাতে করে প্রাক্কলন অনুযায়ী কাজের মান নিশ্চত হয়।
- উপ-প্রকল্প বাস্তবায়ন শেষে সংশ্লিষ্ট দপ্তর এবং ইউডিএফ কাজ সম্পাদন বিষয়ে প্রত্যয়ন প্রদান করবে।
- প্রতিটি প্রকল্প বাস্তবায়নের পূর্বে উক্ত স্থানের (অবকাঠামো) ভিডিও ও স্টিল পিকচার এবং কার্যক্রম শেষে ভিডিও ও স্টিল পিকচার সরবরাহ করতে হবে।
- অবকাঠামো স্কীমের ক্ষেত্রে উপ-প্রকল্পের নাম, বরাদ্দকৃত অর্থের পরিমাণ, বাস্তবায়নকারী সংস্থা, উপ-প্রকল্প বাস্তবায়নকাল, উপ-প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ, অর্থায়নকারী সংস্থা-JICA/বাংলাদেশ সরকার ইত্যাদি উল্লেখপূর্বক সাইনবোর্ড বা নামফলক দর্শনীয় স্থানে স্থাপন করতে হবে।
- Equipment এর ক্ষেত্রে সংশ্লিষ্ট পণ্যের উপর স্থায়ীভাবে UGDP প্রকল্পের নাম ও গ্রহণ/বাস্তবায়নের তারিখ থাকতে হবে।

- উপজেলা কর্তৃক বিল অনুমোদনকালে ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল হতে উক্ত অর্থবছরের জন্য প্রযোজ্য এনবিআর কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট ও ট্যাক্স কর্তন করতে হবে।
- উপ-প্রকল্প বাস্তবায়ন শেষে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক পরিদর্শনপূর্বক সমাপ্তি প্রতিবেদনের সাথে ঠিকাদার কর্তৃক প্রদত্ত বিল-ভাউচার এর কপি প্রকল্প কার্যালয়ে পাঠাতে হবে।
- ঠিকাদারকে চূড়ান্ত বিল পরিশোধের পর ব্যাংক স্টেটমেন্টসহ আর্থিক প্রতিবেদন প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- প্রতিটি উপ-প্রকল্প বাস্তবায়ন শেষে প্রকল্প ব্যয় প্রতিবেদন প্রস্তুত করতে হবে। প্রকল্প ব্যয় প্রতিবেদনে প্রকল্প বাস্তবায়ন ব্যয়, ভ্যাট ও ট্যাক্স আলাদাভাবে প্রদর্শন করতে হবে। প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট কর্তৃক বিল অনুমোদনকালে উক্ত অর্থবছরের জন্য এনবিআর কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে। উক্ত পরিমান ভ্যাট ও ট্যাক্স প্রকল্পের জিওবি তহবিল হতে সরকারের নির্দিষ্ট তহবিলে জমা করে তার কপি সংশ্লিষ্ট উপজেলায় সংরক্ষণের জন্য প্রেরণ করবে। প্রকল্প ব্যয় প্রতিবেদন ছক প্রকল্প অফিস থেকে সরবরাহ করা হবে।
- প্রকল্পের সফল বাস্তবায়ন নিশ্চিত হওয়ার পর উপজেলা পরিষদ বিল অনুমোদন করবে।
- বিল অনুমোদনের পর প্রকল্পের নাম, বিলের টাকার পরিমাণ, আরোপযোগ্য ভ্যাট ও আয়কর (যা প্রকল্প অফিস কর্তৃক পরিশোধ করা হবে) এবং ঠিকাদারের নাম, ঠিকানা, ফোন নম্বরসহ বিলের ০১ (এক) সেট ফটোকপি প্রকল্প অফিসে প্রেরণ করতে হবে।
- উপ-প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় ব্যয়ের বিল-ভাউচার অডিটে প্রদর্শনের জন্য উপজেলা নির্বাহী অফিসারের তত্ত্বাবধানে সংরক্ষণ করতে হবে।

৯/৩/২০২০

(মোঃ মহসিন)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন- ৯৩৫৯৮৩২

চেয়ারম্যান,
হরিপুর উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও।

উপজেলা নির্বাহী অফিসার
হরিপুর, ঠাকুরগাঁও।

**অনুলিপি সদয় অবগতির জন্যঃ**

০১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, রংপুর।
০৩. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
০৪. জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
০৫. উপ পরিচালক, স্থানীয় সরকার, ঠাকুরগাঁও।
০৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।
০৭. উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ), হরিপুর, ঠাকুরগাঁও।
০৮. ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, জাইকা, ঢাকা।
০৯. অফিস কপি।